

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**  
**হাইকোর্ট বিভাগ**  
**(২০২২ইং সনের ২২০নং গঠনবিধি)**

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১৯শে জুন, ২০২২খ্রি: তারিখ  
রোজ রবিবার সকাল ১০:৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য  
পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ সমূহ গঠন করা হইলঃ

**১। বিচারপতি সহিদুল করিম**

এবং

**বিচারপতি ফাতেমা নজীব**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লভারিং আইনের অধীন বিষয়াদি  
ব্যতীত ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন এবং মামলার সন ও নাম্বারের ধারাবাহিকতা অনুসরণ  
করিয়া অগ্রাধিকার ভিত্তিতে মৃত্যুদণ্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উত্তৃত সকল  
ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উত্তৃত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর  
আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল এবং তৎসংগ্রহ রুল,  
আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকক্ষত  
থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

উল্লেখ্য যে, সপ্তাহে দুই দিন (রবিবার ও সোমবার মোশন) এবং সপ্তাহে তিন দিন (মঙ্গলবার, বুধবার ও  
বৃহস্পতিবার) মৃত্যুদণ্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স সংগ্রহ বিষয় সমূহ নিষ্পত্তি করিবেন।

**২। বিচারপতি আবু তাহের মোঃ সাইফুর রহমান**

এবং

**বিচারপতি এ, কে, এম, জহিরুল হক**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, কাস্টমস, ইনকামট্যাক্স, দেউলিয়া বিষয়াদি,  
ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং অর্থস্থল আইন সহ সকল প্রকার রীট মোশন; ২০০৯ইং সনের ট্রেডমার্ক  
আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও  
(ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালতসমূহের অবমাননার  
অভিযোগপত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রুল,  
আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকক্ষত  
থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

**৩। বিচারপতি জাফর আহমেদ**

এবং

**বিচারপতি মোঃ আখতারজ্জামান**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সকল প্রকার রীট মোশন ও তৎসংগ্রহ শুনানী; যে সব  
বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী  
করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকক্ষত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

**৪। বিচারপতি কাশেফা হোসেন**

এবং

**বিচারপতি কাজী জিনাত হক**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সকল প্রকার রীট বিষয়াদি; যে সব বিষয় এই বেঞ্চে  
স্থানান্তরিত হইবে এবং উপরোক্তিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই  
গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকক্ষত থাকিলে তাহাও গ্রহণ করিবেন।

**প্রধান বিচারপতি**

বাংলাদেশ

তারিখঃ ১৬/০৬/২০২২ইং।

প্রচারের জন্যঃ

- ১। বিচারপতি সহিদুল করিম।
- ২। বিচারপতি আবু তাহের মোঃ সাইফুর রহমান।
- ৩। বিচারপতি জাফর আহমেদ।
- ৪। বিচারপতি কাশেফা হোসেন।
- ৫। বিচারপতি ফাতেমা নজীব।
- ৬। বিচারপতি মোঃ আখতারুজ্জামান।
- ৭। বিচারপতি এ, কে, এম, জহিরুল হক।
- ৮। বিচারপতি কাজী জিনাত হক।